দৈনিক সংবাদ

তারিখ 25 OCT 1993
পৃষ্ঠা ৫ কলাম ৭

61

# কুড়িগ্রাম জেলায় প্রায় ১ লাখ শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

কুড়িগ্রাম, ২৪শে অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)।– শিক্ষক ও শিক্ষা উপকরণের অভাব, শ্রেণীকক্ষের অভাব, প্রশাসনিক দুর্বলতা, শিক্ষকদের কর্তব্যে অবহেলা ও আর্থিক দৈন্যতার কারণে কুড়িগ্রাম জেলায় প্রায় ১ লাখ শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।

এক পরিসংখ্যানে জানা গেছে, জেলার ৯ থানার ৭৪টি ইউনিয়নের মধ্যে ৬ থেকে ১০ বছর বয়স পর্যন্ত ছেলেমেয়ের সংখ্যা ২ লাখ ৫৯ হাজার ৫শ' ৫০। এর মধ্যে স্কুলগামী ছেলেমেয়ের সংখ্যা ১ লাখ ৯৩ হাজার ৮শ' ৯৫। জেলায় মোট ৭৯১টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা হলো ৫৬৩টি, বেসরকারী ১৮২টি ও অরেজিস্ট্রিকৃত প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৪৭টি। সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোতে ২ হাজার ৬শ' ১৬টি শিক্ষকের পদ থাকলেও বর্তমানে কর্মরত শিক্ষক রয়েছেন ২ হাজার ৪শ' ৪৭ জন। ১৬৯টি শূন্য পদের মধ্যে প্রধান শিক্ষকের ৫২টি এবং সহকারী শিক্ষকের ১১৭টি পদ শূন্য রয়েছে। ৯ থানায় ৯ জন শিক্ষা কর্মকর্তা থাকার কথা থাকলেও কোন কোন থানায় শিক্ষা কর্মকর্তা নেই। ৩০ জন সহকারী শিক্ষা কর্মকর্তা থাকার কথা থাকলেও ২০ জন সহকারী কর্মকর্তা দিয়ে কাজ চালানো হচ্ছে। এতে করে প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে প্রশাসনিক কাজকর্ম দারুণভাবে ব্যাহত হচ্ছে। এছাড়া এ জেলায় দীর্ঘদিন থেকে কোন জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা নেই। একজন ভারপ্রাপ্ত জেলা প্রাথমিক শিক্ষা অফিসার দিয়ে কাজ চালিয়ে নেয়া হচ্ছে।

অপরদিকে জেলার অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়ে স্কুলঘরের অভাব রয়েছে। যে কয়টি রয়েছে সেইগুলোর অবস্থাও বড়ই করুণ। বেড়া আছে, ছাউনি নেই, জানালা আছে তো দরজা নেই। এমন কতগুলো স্কুল রয়েছে যেখানে ছাত্র–ছাত্রীদের নিয়ে খোলা আকাশের নিচে বসে ক্লাস করতে হয়। ফলে অনেক সময় আকাশে মেঘ দেখলেই স্কুল ছুটি দিতে হয়। প্রতিটি স্কুলেই আসবাবপত্র ও শিক্ষা উপকরণের যথেষ্ট অভাব রয়েছে। বিশেষ করে চেয়ার, বেঞ্চ, চক, ডাস্টার, ব্লাকবোর্ড নেই বললেই চলে। এছাড়া অধিকাংশ স্কুলে নলকূপ নেই। নেই কোন ল্যাট্রিন।